মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
৫৮-৫৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম (www.mpl.gov.bd)

**"রুখবো দুর্নীতি, গড়বো দেশ
উন্নত হবে বঙ্গবন্ধুর বাংলাদেশ"**

স্মারক নম্বর : ২৮.২৩.০০০০.৫০১.০৪.০১২.১৯-৮২৭ তারিখ : ১৮-০২-২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

খ্যাতনামা পেট্রোলিয়াম পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড-এ নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত/পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত/পেশাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | সিনিয়র সেলস্ অফিসার<br><br>স্কেল: ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০.....৫৭৫১০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি) | ০২ (দুই) | সম্মানসহ এমকম/এমএসএস/এমএসসি/এমবিএ/ এমবিএম/এমএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | বাণিজ্যিক অথবা শিল্প প্রতিষ্ঠানে সেলস/ মার্কেটিং অফিসার হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩৬ বছর। |
| ০২। | জুনিয়র অপারেশন্স অফিসার/ জুনিয়র অপারেশন্স ইঞ্জিনিয়ার<br><br>স্কেল: ২২০০০-২৩১০০-২৪২৬০.....৫৩০৬০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি) | ০৪ (চার) | সম্মানসহ স্নাতকোত্তর (পদার্থ/রসায়ন)/এমবিএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/পেট্রোলিয়াম/ কেমিক্যাল/ পাওয়ার/অটোমোবাইল) ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগ সহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ সিভিল/ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/কেমিক্যাল/ পাওয়ার/ অটোমোবাইল) ডিগ্রী। | ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সর্বোচ্চ ৩২ বছর। |
| ০৩। | জুনিয়র অফিসার (আই টি)<br><br>স্কেল: ২২০০০-২৩১০০-২৪২৬০.....৫৩০৬০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি) | ০১ (এক) | সম্মানসহ স্নাতকোত্তর (কম্পিউটার সায়েন্স) অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার সায়েন্স) ডিগ্রী। কমপক্ষে ১টি প্রথম শ্রেণি/ বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার টেকনোলজী) ডিগ্রী। মাইক্রোসফট/ সিসিএনএ অনুমোদিত প্রফেশন্যাল সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে হার্ডওয়ার, সফটওয়ার ও নেটওয়ার্ক সাপোর্ট ইঞ্জিনিয়ার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সর্বোচ্চ ৩২ বছর। |
| ০৪। | জুনিয়র অফিসার (সিকিউরিটি)<br><br>স্কেল: ২২০০০-২৩১০০-২৪২৬০.....৫৩০৬০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি) | ০১ (এক) | শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক ডিগ্রী। সশস্ত্র বাহিনী/বিজিবি/কোষ্টগার্ড/পুলিশ বাহিনী/প্রতিরক্ষা/ গোয়েন্দা দপ্তরের অবসর প্রাপ্ত নন কমিশন/ নন ক্যাডার অফিসার। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অবসর গ্রহণের পর খ্যাতনামা বাণিজ্যিক /শিল্প প্রতিষ্ঠানে সিকিউরিটি অফিসার হিসেবে কাজের ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৪৫ বছর। |
| ০৫। | জুনিয়র অফিসার (ফায়ার এন্ড সেফটি)<br><br>স্কেল: ২২০০০-২৩১০০-২৪২৬০ .....৫৩০৬০। (তৎসহ আকর্ষণীয় ভাতা/ সুবিধাদি) | ০১ (এক) | শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক ডিগ্রী। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অবসর প্রাপ্ত নন কমিশন অফিসার অথবা সশস্ত্র বাহিনী/বিজিবি/ কোষ্টগার্ড/ পুলিশ বাহিনীর অবসর প্রাপ্ত নন কমিশন/ নন ক্যাডার অফিসার, যাদের ফায়ার ও সেফটি ম্যানেজমেন্ট এ প্রশিক্ষণ আছে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অবসর গ্রহণের পর খ্যাতনামা বাণিজ্যিক/শিল্প প্রতিষ্ঠানে ফায়ার ও সেফটি অফিসার হিসেবে কাজের ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৪৫ বছর। |

**আবেদনের প্রযোজ্য শর্তাবলী ঃ**

১। প্রার্থীগণ Online এর মাধ্যমে আবেদন করবেন। সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত বয়সের অধিক হবে না। বয়সের ব্যাপারে কোন রকম এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সকল পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার জ্ঞান/প্রশিক্ষণ থাকা আবশ্যক।

৪। স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত কলেজ/ বিশ্ববিদ্যালয়ের হতে হবে।

৫। চাহিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের পর অভিজ্ঞতা গণনা করা হবে। ডিপ্লোমা ডিগ্রীধারীগণ বিএসসি ডিগ্রী অর্জন করলে বিএসসি ডিগ্রী অর্জনের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে।

৬। একজন প্রার্থী একটি পদের জন্য আবেদন করতে পারবে, একের অধিক পদের জন্য আবেদন করা হলে সবগুলো বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারী বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮। লিখিত/মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইল SMS ও MPL এর ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

৯। প্রার্থীকে লিখিত/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। **www.mpl.gov.bd** এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১২। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এর ক্ষমতা সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রদর্শনের জন্য নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহের মূল কপিসহ প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

ক) প্রার্থীর Online-এ পূরণকৃত Application Form (Applicant's Copy) এর কপি।

খ) শিক্ষাগত যোগ্যতার সনদ। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণি/গ্রেড উল্লেখ না থাকলে মার্কসিট/ট্রান্সক্রিপ্ট।

গ) বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয় পত্র।

ঙ) প্রার্থীর স্থায়ী ঠিকানা এবং জাতীয় পরিচয় পত্রে উল্লিখিত ঠিকানা একই না হলে স্থায়ী ঠিকানার ইউনিয়ন/ পৌরসভা/ উপজেলা/সিটি কর্পোরেশন্স এর মেয়র/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ।

চ) মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীদের স্থায়ী ঠিকানা, পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদে উল্লিখিত ঠিকানা হতে ভিন্ন হলে মুক্তিযোদ্ধার সনদে বর্ণিত মুক্তিযুদ্ধকালীন এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত দু'টি ভিন্ন ভিন্ন প্রত্যয়নপত্র।

ছ) পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

জ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্র।

১৫। **Online-এ আবেদনপত্র পূরণ পদ্ধতি :**

ক) ইচ্ছুক প্রার্থীগণকে http://mpl.teletalk.com.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online - আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ২৪-০২-২০২০, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online - আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ৩১-০৩-২০২০, বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি (রঙিন) জমা দিবেন।

১৬। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

ক) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমাকারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রিন্ট (রঙিন) অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

১ম SMS : MPL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে (Reply হিসেবে একটি PIN নম্বর পাওয়া যাবে)।

২য় SMS : MPL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে (Reply হিসেবে Payment প্রাপ্তি স্বীকার এবং User ID ও Password পাওয়া যাবে)।

খ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mpl.teletalk.com.bd অথবা এমপিএল'র www.mpl.gov.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

Online এ আবেদনের ক্ষেত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

গ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঘ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন :

i) User ID জানা থাকলে MPL<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

ii) PIN Number জানা থাকলে : MPL<space>Help<space>PIN<space>PIN নম্বর লিখে Send করতে হবে 16222 নম্বরে।

মোঃ আকতার হোসেন
জেনারেল ম্যানেজার (এইচ আর)
ফোন: ০৩১-৭১১৪৮৫